



বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত

বিএএফ শাহীন কলেজ পাহাড়কাঞ্চনপুর

নলুয়া, সখিপুর, টাঙ্গাইল। www.bafspkp.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদসমূহে নিজস্ব অর্থায়নে লোকবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বিষয় ও পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও বয়স	বেতন স্কেল
০১	প্রভাষক (বাংলা) (স্থায়ী) ০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষাজীবনের অন্যান্য স্তরে ১টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর।	গ্রেড-৯ ২২,০০০-৫৩,০৬০
০২	সহকারী শিক্ষক (অস্থায়ী) ০৪ জন (প্রাথমিক শাখার জন্য)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমান ডিগ্রি। এসএসসি থেকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/সমমান থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর।	বেতন সর্বসাকুল্যে ১২,৫০০ (কলেজের নিয়ম অনুযায়ী উৎসব ভাতা প্রদান করা হবে)
০৩	হিসাবরক্ষক (স্থায়ী) ০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি (ব্যবসায় শিক্ষা) এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ। শিক্ষা জীবনে যেকোনো ১টি স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর (অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)।	গ্রেড-১২ ১১,৩০০-২৭,৩০০
০৪	হিসাব সহকারী (স্থায়ী) ০১ জন	এইচএসসি (ব্যবসায় শিক্ষা)/সমমান এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ। শিক্ষা জীবনে যে কোনো স্তরে ১টি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর (অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)।	গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০

১, ৩ ও ৪নং পদের জন্য অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ হতে বাড়িভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ও বাংলা নববর্ষ ভাতা এবং দুই বছর শিক্ষানবিশকাল শেষে চাকরি স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি সুবিধা প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি রসিদ ছবি, যেকোনো তফসিলি ব্যাংক হতে 'বিএএফ শাহীন কলেজ পাহাড়কাঞ্চনপুর' এর অনুকূলে ১নং প্রার্থীর ক্ষেত্রে ৬০০ (ছয়শত) টাকা, ২নং প্রার্থীর ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা, ৩নং প্রার্থীর ক্ষেত্রে ৪০০ (চারশত) টাকা এবং ৪নং প্রার্থীর ক্ষেত্রে ৩০০ (তিনশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং মোবাইল নাম্বারসহ আবেদনপত্র সভাপতি, পরিচালনা পর্ষদ বরাবর ০১ জুন ২০২৬ তারিখের মধ্যে ডাক/কুরিয়ার বা সরাসরি পৌঁছাতে হবে। প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে না। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের নামীয় তালিকা কলেজ ওয়েবসাইট (www.bafspkp.edu.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং লিখিত পরীক্ষার জন্য তালিকাভুক্ত প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। ২নং পদের প্রার্থীদের শ্রেণিপাঠদান ও মৌখিক পরীক্ষা: আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের কলেজ ক্যাম্পাসে শ্রেণিপাঠদান ও মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। যৌক্তিক কারণে আবেদনপত্র বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যক্ষ